



## বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড

### ইন্টারনেট ডায়াল আপ গ্রাহক চুক্তিনামা

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (অতঃপর কোম্পানি বলিয়া উল্লেখিত) ..... (১ম পক্ষ)।

এবং

ইন্টারনেট সংযোগ প্রার্থী/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (অতঃপর গ্রাহক বলিয়া উল্লেখিত) জনাব/বেগম.....

পিতা/স্বামী/পদবী (কোম্পানীর নামসহ).....

স্থায়ী ঠিকানা (সংস্থার/কোম্পানীর ক্ষেত্রে পদবী ও সংস্থার/কোম্পানীর নামসহ) .....

..... বর্তমান ঠিকানা.....

.....(২য় পক্ষ)।

১ম পক্ষ এবং ২য় পক্ষের সম্মতিক্রমে অদ্য..... বাং..... ইং অত্র চুক্তি সম্পাদিত হইল। উভয়

পক্ষ এই চুক্তির আওতায় নিম্নলিখিত শর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবে :

**১। সার্ভিসের বর্ণনা :** এই চুক্তির আওতায় কোম্পানি গ্রাহকদেরকে ডায়ালআপ ইন্টারনেট সার্ভিস সুবিধা প্রদান করিবে। কোম্পানি নিম্নবর্ণিত ইন্টারনেট সার্ভিস প্রদান করিবে এবং গ্রাহক কোম্পানি কর্তৃক ধার্যকৃত চার্জ/ফিস/বিল প্রদান করিতে বাধ্য থাকিবেন।

ক) টেলিযোগাযোগ অঞ্চল .....

খ) ইন্টারনেট সংযোগের ঠিকানা : .....

**২। সার্ভিস চার্জ :** গ্রাহকগণ ডিমান্ড নোটে বর্ণিত নির্ধারিত এককালীন Installation চার্জ প্রদান করিবেন। তবে ট্যারিফ রেট প্রয়োজনে কোম্পানি কর্তৃক সংশোধিত হইতে পারে। সেই ক্ষেত্রে কোম্পানি অনূন্য ৩ (তিন) মাস পূর্বে গ্রাহকদেরকে অবহিত করিবে।

### ৩। গ্রাহকের দায়বদ্ধতা (Liability) :

৩.১। গ্রাহক কোম্পানীর প্রাপ্য টাকা নির্ধারিত সময়ে কোম্পানীকে পরিশোধ করিবেন।

৩.২। প্রদত্ত ইন্টারনেটের মাধ্যমে শুধুমাত্র ডাটা ট্রান্সমিশন এবং রিসেশন করা যাইবে। কোনক্রমেই ভয়েস ট্রান্সমিশনের জন্য এই সার্ভিস ব্যবহার করা যাইবে না।

৩.৩। প্রদত্ত সার্ভিসের মাধ্যমে অন্য কোন গ্রাহককে ক্ষতিগ্রস্ত করা বা হয়রানি করা হইলে যাহা কোম্পানীর স্বার্থের পরিপন্থী, এইরূপ যে কোন ধরনের অপব্যবহারের জন্য গ্রাহক নিজে দায়ী থাকিবেন। এই জাতীয় অভিযোগ প্রাপ্ত বা প্রমানিত হইলে Telegraph Act 1885 ( XIII of 1885)এর বিধান মোতাবেক কোম্পানি প্রদত্ত ইন্টারনেট সার্ভিস সুবিধা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩.৪। প্রদত্ত ইন্টারনেট সার্ভিসের এক্সেস প্রাপ্তের সকল প্রকার সরঞ্জামাদির মালিক কোম্পানি। গ্রাহক প্রাপ্তের সকল হার্ডওয়্যার এবং টেলিফোন সংযোগ গ্রাহক নিজ খরচে সরবরাহ করিতে বাধ্য থাকিবেন। শুধুমাত্র সফটওয়্যার কোম্পানি সরবরাহ করিবে। অবৈধ হস্তান্তর ও ব্যবহারের কারণে সংযোগ বিচ্ছিন্ন করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে এবং এই ক্ষেত্রে Telegraph Act 1885 ( XIII of 1885 ) এর বিধান মোতাবেক কোম্পানি ব্যবস্থা গ্রহণ করিবে।

৩.৫। ইন্টারনেট সার্ভিস সংক্রান্ত যন্ত্রপাতি স্থাপন করিবার পূর্বে গ্রাহক লিখিত নোটিশ দ্বারা তাহার আবেদন পত্র প্রত্যাহার করিতে পারিবেন।

৩.৬। কোম্পানীর লিখিত অনুমতি ব্যতিরেকে গ্রাহক ইন্টারনেট সংযোগ আংশিক/পুরোপুরিভাবে লিজ রিসেইল হিসাবে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবেন না।

৩.৭। কোম্পানি কর্তৃক অনুমোদিত যন্ত্রপাতি ব্যতিরেকে গ্রাহক অন্য কোন যন্ত্রপাতি ইন্টারনেট সার্ভিসের জন্য ব্যবহার করিতে পারিবেন না।

৩.৮। প্রদত্ত ইন্টারনেট সার্ভিসের যথাযথ ব্যবহারের জন্য গ্রাহক ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন এবং গ্রাহকের অনুপস্থিতিতে বা অজান্তে যদি কোন ব্যক্তি উক্ত সার্ভিস ব্যবহার করেন, তবে তাহার দায়-দায়িত্ব গ্রাহকের উপরই বর্তাইবে।

৩.৯। কোম্পানি প্রদত্ত ইন্টারনেট সার্ভিস সুষ্ঠুভাবে চালু রাখিবে এবং ইহার জন্য গ্রাহক কোম্পানীকে সর্বপ্রকার ন্যায়সঙ্গত সহযোগিতা প্রদান করিবেন।

৩.১০। গ্রাহক এই চুক্তির মেয়াদকালে বাংলাদেশ সরকার বা কোম্পানি কর্তৃক প্রণীত এবং ভবিষ্যতে যে কোন সময়ে সংশোধিত বা পরিবর্তিত সকল নিয়মাবলী ও বিধিসমূহ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

৩.১১। গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে তাহার নিকট প্রেরিত বিলের টাকা পরিশোধ না করিলে খেলাপী গ্রাহক হইতে টাকা আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ধারাসমূহ প্রযোজ্য হইবে এবং কোম্পানি সংশ্লিষ্ট ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

৩.১২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কোম্পানি যে কোন সময়ে ইন্টারনেট সার্ভিসের জন্য আনুষ্ঠানিক রেইট/চার্জ পরিবর্তন করিতে পারিবেন এবং গ্রাহক এই ধার্যকৃত বা পরিবর্তিত চার্জ/রেইট মানিতে বাধ্য থাকিবেন।

## ৪। কোম্পানীর দায়-দায়িত্ব (Liability)

৪.১। চুক্তি স্বাক্ষর এবং দাবীকৃত Installation charge গ্রাহক কর্তৃক পরিশোধের পর কোম্পানি ৭ (সাত) দিনের মধ্যে অথবা এই চুক্তির উভয় পক্ষের সম্মতিক্রমে যতশীঘ্র সম্ভব ইন্টারনেট সার্ভিস লিংক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। অনিবার্য কারণবশতঃ এই সময়সীমা অতিক্রান্ত হইলে কোম্পানীকে কোনক্রমেই দায়ী করা যাইবে না।

৪.২। প্রদত্ত ইন্টারনেট সার্ভিস সুবিধা (দৈনিক ২৪ ঘণ্টা এবং সপ্তাহে ৭দিন ) গ্রাহকদেরকে সুষ্ঠুভাবে প্রদানের জন্য কোম্পানি যথাসাধ্য চেষ্টা করিবে।

৪.৩। বোর্ড গ্রাহককে প্রদত্ত সার্ভিসের মাসিক বিল নির্ধারিত ট্যারিফ রেট অনুযায়ী পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে সরবরাহ করার যথাসাধ্য চেষ্টা করিবে।

## ৫। বোর্ডের Non-Liability

৫.১। রক্ষণাবেক্ষণের স্বার্থে ইন্টারনেট সার্ভিস ব্যবহার সাময়িকভাবে বন্ধ করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে এবং সেক্ষেত্রে যে কোন ক্ষতির জন্য কোম্পানীকে দায়ী করা যাইবে না।

৫.২। সরকারী আদেশে বা জাতীয় স্বার্থে অথবা জননিরাপত্তার কারণে কোম্পানি কোন নোটিশ ছাড়াই ইন্টারনেট সার্ভিস সাময়িক কিংবা চূড়ান্তভাবে বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৩। কোন কারণে ইন্টারনেট সার্ভিস অচল, বিঘ্নিত বা বন্ধ হইলে অথবা কোম্পানি কর্তৃক বন্ধ করা হইলে যদি গ্রাহকের কোন প্রকার ক্ষয়ক্ষতি হয় তবে তাহার জন্য কোম্পানি দায়ী থাকিবে না এবং ইন্টারনেট সার্ভিস পুনরায় চালু করিতে বিলম্বের দরুন সৃষ্ট ক্ষতি বা অসুবিধার জন্যও কোম্পানি দায়ী থাকিবে না।

৫.৪। যে কোন প্রকার দুর্ভাগ্য যেমন-ঝড়, টর্নেডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর কোম্পানীর নিয়ন্ত্রন নাই সেই সকল অবস্থার দ্বারা প্রদত্ত ইন্টারনেট সার্ভিস ক্ষতিগ্রস্ত হইলে তাহার জন্য যে কোন প্রকার ক্ষতিপূরণ, রিফান্ড ইত্যাদি কোম্পানীর নিকট দাবী করা যাইবে না।

৫.৫। গ্রাহক মাসিক বিল এক মাসের অধিক অনাদায় রাখিলে সেই ক্ষেত্রে কোম্পানি প্রদত্ত ইন্টারনেট সার্ভিস বিচ্ছিন্ন করার অধিকার সংরক্ষণ করে। তবে দৈব-দুর্ভাগ্যের কারণে, যেমনঃ ঝড়-ভূমিকম্প, টর্নেডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর কোম্পানি ও গ্রাহকের কাহারো কোন নিয়ন্ত্রন নাই, ইন্টারনেট সার্ভিস ক্ষতিগ্রস্ত হইলে গ্রাহক দুইমাস পর্যন্ত মাসিক বিল অনাদায়ী রাখিতে পারিবেন। কিন্তু দুই মাসের অধিক অনাদায়ী রাখিলে কোম্পানি কোন নোটিশ ছাড়াই ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করার অধিকার সংরক্ষণ করে।

৫.৬। এই চুক্তির কোন অনুচ্ছেদের লংঘনের ক্ষেত্রে কোম্পানি প্রদত্ত ইন্টারনেট সার্ভিস বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৭। কোম্পানি প্রয়োজন অথবা যুক্তিযুক্ত মনে করিলে যে কোন সময়ে ডাকযোগে লিখিত নোটিশ প্রদান করিয়া ৭ (সাত) দিন অতিবাহিত হওয়ার পর সার্ভিস বিচ্ছিন্ন করিবার অধিকার সংরক্ষণ করে। এই ক্ষেত্রে ডাকযোগে নোটিশ জারী চূড়ান্ত প্রমাণ বলিয়া বিবেচিত হইবে।

৫.৮। কোম্পানি কর্তৃক নির্দিষ্ট পদ্ধতিতে ও নির্ধারিত তারিখের মধ্যে গ্রাহক বিল পরিশোধ না করিলে অথবা এই চুক্তি মোতাবেক কোম্পানীকে দেয় অন্য কোন পাওনাদি যথারীতি পরিশোধ না করিলে কোন নোটিশ ছাড়াই কোম্পানি ইন্টারনেট সার্ভিস বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং কোম্পানীর স্বার্থ অক্ষুণ্ন রাখিয়া যে কোন সময়ে চুক্তি বাতিল করিতে পারিবে। যদি বিল পরিশোধের ব্যর্থতার দরুন গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়, তবে কোম্পানি কর্তৃক নির্ধারিত হার ও বিধান অনুযায়ী গ্রাহক প্রাপ্ত অর্থ পরিশোধ করিলে সংযোগ পুনঃপ্রতিষ্ঠা করা হইবে। যদি উক্ত রূপ বিচ্ছিন্নকরণের তারিখ হইতে ৫৯ (উনষাট) দিনের মধ্যে গ্রাহক সংযোগ ফি সমেত প্রদেয় অর্থ পরিশোধ না করেন, তাহা হইলে কোম্পানি সংযোগ স্থায়ী ভাবে বন্ধ/বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে। গ্রাহকের যে কোন ইন্টারনেট সংযোগের বকেয়া বিল অনাদায়ের কারণে তাহার অন্যান্য টেলিসংযোগ ৭(সাত)দিনের নোটিশ প্রদান করিয়া বিচ্ছিন্ন করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে।

৫.৯। আবেদনকারী পূর্ব সংযোগ বা কোম্পানীর প্রাপ্য দায়-দেনা সম্পর্কে তথ্য গোপন করিয়া আবেদনপত্র জমা দিলে কোম্পানি এই বিষয়ে নিশ্চিত হইয়া উক্ত আবেদনপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করিয়া দিবে অথবা সংযোগ প্রদান করা হইয়া থাকিলে উক্ত সংযোগ তাৎক্ষণিকভাবে বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে।

৫.১০। এই চুক্তির যে কোন অনুচ্ছেদের পরিবর্তন বা সংশোধন করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে এবং গ্রাহক এই সকল পরিবর্তন বা সংশোধন মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২য় পক্ষের স্বাক্ষর (আবেদন পত্রের স্বাক্ষরের অনুরূপ)

১ম পক্ষের স্বাক্ষর

গ্রাহকের/ প্রতিষ্ঠানের নাম : .....  
টেলিফোন বোর্ডের পক্ষে

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড

স্থায়ী/ রেজি : ঠিকানা : .....

mj tgnl (c)hwR t|t|

mj tgnl